গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল

বিশ্ববিদ্যালয়ের ভর্তি নির্দেশিকা সকল শিক্ষার্থীকে মনোযোগ সহকারে পড়তে হবে।

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) কোর্সে ভর্তি সংক্রান্ত নিয়মাবলী নিম্নে দেয়া হল।

১. On-line এর মাধ্যমে আবেদন ফরম সংগ্রহ ও ফিস জমা দেয়ার স্থান ঃ

ক) ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তির ফলাফল শিক্ষার্থীদের মেধার ভিত্তিতে পর্যায়ক্রমে মেধা তালিকা, কোটার মেধা তালিকা ও রিলিজ স্লিপ মেধা তালিকার ভিত্তিতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের Website-এ প্রকাশ করা হবে।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত Website www.nu.ac.bd/admissions থেকে ভর্তির চূড়ান্ত আবেদন ফরম সংগ্রহ করতে হবে। মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে Honours tab-এ গিয়ে Honours Applicant's Login অপশনে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি করে Login করতে হবে। এ ক্ষেত্রে শিক্ষার্থীর নাম, বরাদ্দকৃত বিষয়, কলেজের নামসহ একটি ভর্তির চূড়ান্ত আবেদন ফরম Website-এ প্রদর্শিত হবে। সঠিক তথ্যসহকারে ভর্তির আবেদন ফরমটি Submit Application অপশনে ক্লিক করলে একটি চূড়ান্ত ভর্তির আবেদন ফরম Website-এ প্রদর্শিত হবে। উক্ত ফরমটি Download করে দুই কপি A4(8.5´´×11´´) অফসেট কাগজে প্রিন্ট করতে হবে । কলেজ কর্তৃক ধার্যকৃত ভর্তি ফি ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে জমা দিয়ে প্রিন্টকৃত আবেদন ফরম স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।

গ) **বিষয় পরিবর্তন সংক্রান্তঃ** মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী তার বিষয় পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে চূড়ান্ত ভর্তি ফরমে বিষয় পরিবর্তনের নির্দিষ্ট ঘরে **Yes** অপশন Select করতে হবে। তবে কোটা মেধা/রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তনের কোন সুযোগ থাকবে না।

ঘ) **দ্বৈত ভর্তি সম্পর্কিত জ্ঞাতব্য:** ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থীর পূর্ববর্তী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল/স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তির পর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে তাকে অবশ্যই পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বালিত করে এ শিক্ষা কার্যক্রমে ভর্তি হতে হবে। **অন্যথায় দ্বৈত ভর্তির কারণে শিক্ষার্থীর উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।**

ঙ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষা পাসের নম্বরপত্র, মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি, ভর্তির প্রাথমিক আবেদনের শিক্ষার্থীর অংশের ফটোকপি ও ০১ কপি করে পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে।

চ) ভর্তির সময় উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাসের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট বিভাগে একটি খামে ভরে জমা দিতে হবে। খামের উপর নাম, পিতার নাম, মাতার নাম, ভর্তি ফরমের রোল নম্বর ও বিভাগের নাম এবং ছাত্র-ছাত্রীর সচল মোবাইল নম্বর লিখতে হবে।

ছ) ১ম মেধা তালিকায় ভর্তির পর বিষয়ভিত্তিক আসন শূণ্য থাকা সাপেক্ষে ও মেধা স্কোরের ভিত্তিতে শিক্ষার্থীকে তার বিষয় পছন্দক্রমের উর্ধ্বক্রমে বিষয় পরিবর্তনের ফলাফল জাতীয় বিশ্ববিদ্যালয় Website/SMS এর মাধ্যমে শিক্ষার্থী জানতে পারবে।

জ) কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হলে তার পূর্বের বিষয়ের ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত বিষয়ে তার ভর্তি নিশ্চিত হবে। **তবে কোন প্রার্থীর বিষয় পরিবর্তন না হলে তার পূর্বের বিষয়ে ভর্তি বহাল থাকবে।**

ঝ) বিষয় ভিত্তিক আসন শূণ্য থাকা সাপেক্ষে ২য় মেধা তালিকা জাতীয় বিশ্ববিদ্যালয় প্রকাশ করবে। ২য় মেধা তালিকায় ভর্তির ক্ষেত্রেও উপরিল্লিখিত সকল নিয়মাবলী বহাল থাকবে।

২. ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তির তারিখ ঃ ২০/০৩/২০২৪ থেকে ০১/০৪/২০২৪ পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যাতীত)। ভর্তির সময়ঃ সকাল ১০:০০টা থেকে বেলা ২:০০ টা পর্যন্ত।

ভর্তির টাকার পরিমাণ

বিএ/বিএসএস/বিবিএ(সকল বিভাগ)	রসায়ন ও গণিত	পদার্থ ও পরিসংখ্যান	উদ্ভিদ ও প্রাণিবিদ্যা	মৃত্তিকা বিজ্ঞান
৩৫৫৫/-	৩৬৫৫/-	. ৩৬০৫/-	৩৫৫৫/-	৩৫০৫/-

৩. ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে ভর্তি জমা দেওয়ার নিয়ম।

ক) সকল বিভাগে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের কলেজ কর্তৃক ধার্যকৃত ভর্তি ফি ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে Biller ID 3500 এবং Bill Number এর ঘরে আবেদন ফরমের রোল নম্বর এর পর মোবাইল নম্বর লিখে টাকা জমা দিতে হবে। রোল নম্বর ও মোবাইল নম্বর লেখার ক্ষেত্রে কোন স্পেস বা কমা ব্যবহার করা যাবে না। ধার্যকৃত ভর্তি ফি জমা দেয়ার পর শিক্ষার্থী একটি SMS পাবে। ফি জমা দেয়ার ক্ষেত্রে ভুলের কারণে ভর্তি বাতিল হলে কলেজ কতৃপক্ষ দায়ী থাকবে না।

বি:দ্রঃ সকল শিক্ষার্থীদের বেতন, সেশন চার্জসহ নির্ধারিত ফি ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে জমা দেয়ার চার্জ বাবদ ২০/- (বিশ) টাকা অতিরিক্ত জমা দিতে হবে।

শিক্ষার্থীদের নিম্নোক্ত সেমিনার, শিক্ষা সফর ফি ও ল্যাবরেটরী ফি স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।

বিবরণ	বিএ/বিএসএস/বিবিএ (সকল বিভাগ	বিজ্ঞান (সকল বিভাগ)	স্ব-স্ব বিভাগ রশিদের মাধ্যমে সেমিনার ফি, শিক্ষা সফর ফি ও ল্যাবরেটরী ফি আদায় করবেন।
সেমিনার ফি	১৬০০.০০	২২০০.০০	
শিক্ষা সফর ফি	২০০.০০	২০০.০০	
ল্যাবরেটরী ফি	০০	৪০০.০০	

৪. ** **১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস শুরুর তারিখ ঃ ২১/০৪/২০২৪ (জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত)।**

বি:দ্র: ২০২৩-২০২২৪শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) কোর্সে ভর্তি সংক্রান্ত নিয়মাবলীর যে কোন নিয়মাবলী/ধারা/উপ-ধারা সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. মোঃ আমিনুল হক)
আইডি ন- ৪৮৬৫
অধ্যক্ষ
সরকারি ব্রজমোহন কলেজ,বরিশাল।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে সকল বিভাগের বিভাগীয় প্রধানগণকে অনুলিপি দেয়া হল:

১। ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের কলেজ কর্তৃক নির্ধারিত বেতন ও সেশন চার্জ ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে জমা দিতে হবে।

২। ভর্তির সময় প্রত্যেক শিক্ষার্থীর উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল নম্বরপত্র বিভাগে জমা রাখতে হবে।

৩। আবেদন ফরম নিশ্চয়ন করার সুবিধার্থে চূড়ান্ত ভর্তির আবেদন ফরমের ০১(এক) কপি প্রতিদিন বেলা ০৩:০০টার মধ্যে ভর্তি শাখায় জমা দিয়ে প্রাপ্তি স্বীকার গ্রহণ করতে হবে।

৪। ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ক্লাস ২১/০৪/২০২৪ তারিখ শুরু হবে। উক্ত তারিখ ক্লাস শুরুর প্রস্তুতিসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৫। ভর্তি কার্যক্রম শেষে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের শ্রেণি রোল নম্বরের তালিকা স্ব-স্ব বিভাগে প্রেরণ করা হবে।

৬। সেমিনার ফি, শিক্ষা সফর ফি ও ল্যাবরেটরী(বিজ্ঞান) ফি স্ব-স্ব বিভাগ আদায় করবেন এবং শিক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত টাকা রশিদ প্রদান করতে হবে।

৭। অনার্স ১ম বর্ষের ভর্তির টাকা ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিং Rocket এ সঠিকভাবে জমা হয়েছে কিনা তা স্ব-স্ব বিভাগ যাচাইপূর্বক ভর্তির আবেদন জমা রাখার জন্য অনুরোধ করা হলো।

21/04/2024
(প্রফেসর ড. মোঃ আমিনুল হক)
আইডি ন- ৪৮৬৫
অধ্যক্ষ
সরকারি ব্রজমোহন কলেজ,বরিশাল।